## PREPARATION OF INVENTORY FROM FIELD DATA




আমার প্রিয় ছাত্র ছাত্রীরা, আজকে বিষয়বস্তু অনেকটাই আকর্ষণীয়,-field inventory। আমি যদি বুৎপত্তিগত অর্থ বিবেচনা করি তাহলে বলা যেতে পারে যে ইনভেন্টরি শব্দটি এসেছে ইনভেনশন থেকে যার অর্থ হলো নতুন কিছু আবিষ্কার করা। ছোটবেলার সেই পড়াশোনা যে Columbus discover America এবং invention of smartphone, এ থেকে বোঝা যায় ইনভেনশন শব্দটির অর্থ হলো সম্পূর্ণ নতুন কোন কিছু সৃষ্টি করা যা র আগে অস্তিত্ব ছিল না।ভূগোলের ফিল্ড বা ক্ষেত্র সমীক্ষার ক্ষেত্রেও সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যগুলিকে নতুন করে উপস্থিত করাই হল ফিল্ড ইনভেন্টরি

**CONCEPT OF FIELD INVENTORY**

আমরা যখন কোন জায়গায় যাই তখন ভূগোলের ছাত্র হিসেবে এবং গবেষক হিসেবে আমরা যেমন প্রতিটি জায়গায় বসবাসকারী মানুষ এবং তাদের সাথে প্রাকৃতিক পরিবেশের সম্পর্ক কে যেমন দেখতে পাই, তেমনি আধুনিক সমাজ ব্যবস্থায় প্রকৃতির সাথে মানুষের সম্পর্ক কেউ তুলে ধরার চেষ্টা করে থাকি। এই কারণে আমরা বিভিন্নভাবে তথ্য সংগ্রহ করে থাকি যার মধ্যে pre-field অন্তর্গত কিছু বিষয় থাকে, তেমনি থাকে নির্দিষ্ট ফিল্ডে গিয়ে

বিভিন্ন প্রকার ডাটা ও স্যাম্পেল সংগ্রহ করা।বিভিন্ন প্রশ্নাবলী নিয়ে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা, সক্রিয় অথবা নিষ্ক্রিয় ভাবে পর্যবেক্ষণ করা এবং সাক্ষাৎকার সংগ্রহ করা প্রভৃতির মাধ্যমে আমরা প্রাথমিক তথ্য বা প্রাইমারি ডাটা সংগ্রহ করে থাকি।এছাড়া বিভিন্ন বই-পুস্তক ও প্রকাশিত পত্রিকা থেকে আমরা অসংখ্য গৌণ সেকেন্ডারি ডেটা পাই।মানচিত্র সংগ্রহ পুরাতন বিভিন্ন নিদর্শন এসব কিছুই তথ্য কে আরও সমৃদ্ধ করে তোলে।

নির্দিষ্ট জায়গা সম্পর্কে বিভিন্ন রকম তথ্য সংগ্রহ করার পর যে বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে তা হল এই তথ্যকে একত্রিত করে বিভিন্নভাবে তাকে উপস্থিত করা এর জন্য সেই তথ্যগুলো কে আমরা বিভিন্ন পর্যায় ভিত্তিক আলোচনা করতে পারি.




প্রথমে সমস্ত ডেটা কে একটি কেন্দ্রীয় রূপে সংগ্রহ করতে হবে অর্থাৎ সেন্ট্রাল কালেকশন করতে হবে.

দ্বিতীয়তঃ সংগৃহীত তথ্য গুলির মধ্যে যে সকল ত্রুটি বিচ্যুতি থাকবে সেগুলিকে দেখে ত্রুটিমুক্ত করতে হবে এবং যে সকল তথ্য গুলি অপ্রয়োজনীয় সেগুলো কি বাদ দিতে হবে.

তৃতীয়তঃ তথ্য সংগ্রহ করার পর যদি দলগত কাজ হয় তাহলে কাজের বিভাজন করে দিতে হবে অর্থাৎ কে কোন বিষয়গুলি কে নিয়ে বিশ্লেষণ করবে সেগুলিকে ভাগ করে দিতে হবে আর যদি কোন ব্যক্তিগত বা এককেন্দ্রিক কাজ হয়ে থাকে তাহলে সমস্ত বিষয়গুলিকে ক্রম অনুযায়ী সাজাতে হবে অর্থাৎ কোন কাজ গুলি প্রথমে হবে কোন কাজ পরে হবে সে গুলি কে চিহ্নিত.

এরপর যেটা করতে হবে তা হল বিভিন্ন তথ্য কে সঠিকভাবে উপস্থিত করার জন্য কি কি মডেল পরিসংখ্যান বিদ্যা চিত্র তথা প্রযুক্তির সাহায্য নেয়া যায় সেগুলিকে বাছাই করতে হবে যেমন সমাজের আয় বৈষম্য এই ধরনের বিষয়কে দেখানোর জন্য পরিসংখ্যান বিদ্যার সাহায্য নেয়া যেতে পারে এর সঙ্গে সঙ্গে প্রয়োজনীয় চিত্র কথাও ভাবা যেতে পারে।

আধুনিক প্রযুক্তি বিদ্যা তথা যন্ত্রপাতির সাহায্যে ভূগোলের বিশ্লেষণ আরো চমকপ্রদ এবং বাস্তবসম্মত হয়ে ওঠে অবস্থান এবং অন্যান্য বিষয় উপস্থিত করার জন্য জিপিএস ভূমিরূপ সংক্রান্ত বিষয় কে দেখানোর জন্য ডাম্পি লেভেল সার্ভে বা অন্যান্য কৌশল তথা দূর সংবেদন ব্যবস্থা ও জিআইএস এর সাহায্য নেয়া যেতে পারে।

অবশেষে প্রতিটি ক্ষেত্রভিত্তিক সমীক্ষাতে যেমন কিছু সীমাবদ্ধতা থাকে তেমনি আলোচ্য বাজে ক্ষেত্রের আমরা পর্যালোচনা করছি তা করতে গিয়ে যে যে সীমাবদ্ধতা এসেছে তাকে আমাদের উল্লেখ করতে হবে এ কথা মনে রাখতে হবে যে সকল জরিপ কার্যের ক্ষেত্রেই যেহেতু সময় এবং অর্থের একটা সীমাবদ্ধতা থাকে তাই কিছুটা কিছু ত্রুটি থেকে যায় সেই ত্রুটি সম্ভাবনা গবেষক ছাত্র-ছাত্রীদেরকে তাদের জরিপকারীদের ক্ষেত্রে উল্লেখ করে দিতে হবে।

ভূগোলের ছাত্র হিসেবে এবং সেই সঙ্গে সঙ্গে গবেষণার ক্ষেত্রে কোন নির্দিষ্ট এলাকাকে নির্বাচন করে সেই জায়গার ওপর তথ্য সংগ্রহ করার জন্য আমাদেরকে নির্বাচিত কিছু প্রশ্নাবলী বা questionarie এর সাহায্য নিতে হয়। মনে রাখতে হবে এই প্রশ্নাবলী গুলি সাক্ষাৎকার বা জরিপ কার্যের আগে থেকেই নির্বাচিত করা হয়। ভূগোলের ছাত্র হিসেবে তোমাদের কাছে ফিল্ড সার্ভে বা জড়িত কার্ডের বিষয়টা যেমন আকর্ষণীয় তেমনি সেই জরীপ কার্যের মাধ্যমে বিভিন্নভাবে যে তথ্যগুলো সংগ্রহ করা হয় সেই তথ্যগুলো কে একত্রিত করে ফিল্ডের খাতার মধ্যে পর্যায়ভিত্তিক বিভিন্ন বিশ্লেষণ এবং বর্ণনার মাধ্যমে তার ব্যাখ্যা করা গুরুত্বপূর্ণ একটি বিষয় হয়ে ওঠে একেই আমরা ফিল্ড ইনভেন্টরি বলতে পারি।

কিন্তু অনেক সময় দেখা যায় যে নির্দিষ্ট ক্ষেত্র বা ফিল্ডে গিয়ে এমন কিছু পরিবর্তিত পরিস্থিতির সম্মুখীন হতে হয় যা সম্পর্কে ছাত্র বা গবেষকদের ধারণা থাকে না। অথচ ওই পরিস্থিতিকে অস্বীকার করা যায় না। যেমন ধরা যাক কোন একটি গ্রামেতে কৃষিনির্ভর প্রশ্নাবলী নির্বাচন করা হয়েছে, কারণ প্রথাগতভাবে ওই গ্রামটি কৃষিনির্ভর হিসেবেই পরিচিত। কিন্তু বিভিন্ন কারণে যদি ওই গ্রামের মধ্যে নির্দিষ্ট কোন কুটির শিল্প বা বিকল্প অর্থনীতির প্রসার ঘটে এবং সেই সম্পর্কে ছাত্র বা গবেষকদের আগে থেকে তথ্য না থাকলে জরির কাজের সময় নির্বাচিত প্রশ্নের মাধ্যমে তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে সমস্যা তৈরি হয়। ফলে গোটা প্রশ্নাবলী সংস্কার বা পরিবর্তনের প্রয়োজন হয় এই অবস্থায় ছাত্র বা গবেষককে ওই পরিস্থিতিতে এই সমস্যার সমাধান করার জন্য নতুন করে প্রশ্নাবলী তৈরি করতে হয়।এই পরিস্থিতিতে আমরা ফিল্ড ইনভেন্টরি বলতে পারি। **অর্থাৎ পরিকল্পিত বা সার্ভে ডিজাইনের বাইরে গিয়ে প্রয়োজন অনুসারে পরিবর্তিত করার বিষয়টিকে ফিল্ড ইনভেন্টরি বলা হয়।**

এ প্রসঙ্গে মনে রাখা দরকার যে এই ধরনের ফিল্ড ইনভেন্টরি বিষয়টি প্রয়োগমূলক ক্ষেত্রেও বিশেষ গুরুত্বপূর্ণ। ধরা যাক কোনো একটি সামুদ্রিক উপকূল বরাবর জরীপ কাজের জন্য ছাত্র তথা গবেষকরা কিছু প্রস্তুতি নিয়েছেন ।কিন্তু আকস্মিকভাবেই দেখা গেল যে ঐ উপকূলবর্তী জায়গায় বেআইনিভাবে হোক বা সরকারি অনুমতির মাধ্যমেই হোক না কেন বেশকিছু পর্যটন ভিত্তিক কার্যকলাপ গড়ে উঠেছে। ফলে এই সাংস্কৃতিক বা মানবীয় কার্যকলাপ করতে গিয়ে ওই স্থানের উপকূলবর্তী জায়গা অনেকটাই পরিবর্তন এসেছে।এই পরিস্থিতিতে ঐ জায়গাটাতে ইন্সট্রুমেন্টাল সার্ভে করতে গেলে (যেমন ডাম্পি লেভেল সার্ভে প্রভৃতি) পদ্ধতিগত কিছু পরিবর্তন ঘটাতে হবে ।এই বিষয়টিও field inventory মধ্যে পড়ে।

ফিল্ড ইনভেন্টরি তাই একটি বাস্তবিক বিষয় যা অস্বীকার করা যায় না। বিখ্যাত ভূগোলবিদ R.L.SINGH এর মতে ফিল্ড ইনভেন্টরি স্কেল গত দিক থেকে স্থানীয় আঞ্চলিক রাষ্ট্রীয় এমনকি মহাদেশীয় পর্যন্ত হতে পারে। উদাহরণ হিসেবে অতি সাম্প্রতিক করোনাভাইরাস মহামারির কথা বলা যেতে পারে। W.H.O বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই আকস্মিক মহামারী সম্পর্কে যে গবেষণা বা তথ্য সংগ্রহ করছে তা করতে গিয়ে এই সংস্থাকে সম্পূর্ণ নতুন আঙ্গিকে এবং সারা বিশ্বের মধ্যে তথ্য সংগ্রহ করতে হচ্ছে।

ফিল্ড ইনভেন্টরি আধুনিক ভূগোলের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে মানবীয় কার্যকলাপ এবং প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী এত দ্রুত পরিবর্তন হচ্ছে যে আমাদের অনেক ক্ষেত্রেই তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে হয় তেমনি বৈচিত্র্যময় পৃথিবী বৈচিত্র্যময় মানুষের সমান ধারণা থাকে না অপরিচিত কোন জায়গায় গিয়ে সেই জায়গা সম্পর্কে তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে বা গবেষণা করার ক্ষেত্রে আমাদেরকে অনেক সময়ই নতুন নতুন বিশেষত আধুনিক প্রযুক্তির সাহায্য নিতে হয়।

https://www.youtube.com/watch?v=XN8M7cPu5t4

উপরে তোমাদের জন্য একটা ইউটিউব এর লিংক দিয়ে দিলাম। এখানে তোমরা দেখবে joni waldi নামে একজন গবেষক তার গাইড প্রফেসর john A Kershaw এর তত্ত্বাবধানে NOONAN RESEARCH FOREST,NB, CANADA এর অরণ্যে কিভাবে তথ্য করতে গিয়ে বিভিন্ন ধরনের

ইনভেন্টরি সাহায্য নিয়েছেন তা তোমরা বুঝতে পারবে। গভীর অরণ্য টি আমেরিকা যুক্তরাষ্ট্র এবং কানাডার উত্তর-পূর্ব সীমান্তে আটলান্টিক মহাসাগরের




তীরে অবস্থিত সরলবর্গীয়অরণ্য।

এই অরণ্যের মধ্যে সরলবর্গীয় প্রকৃতির বিভিন্ন ধরনের বৃক্ষ জাতীয় গাছের পাশাপাশি বিভিন্ন ধরনের প্রাণী বৈচিত্র্য লক্ষ্য করা যাচ্ছে।



তোমরা নিশ্চয়ই ভিডিওটি থেকে বুঝতে পারছ যে গভীর অরণ্যে মধ্যে নানা ধরনের অজানা জীব বৈচিত্র দেখতে পাওয়া যাচ্ছে এই বিভিন্ন জীব বৈচিত্রের মধ্যে যেমন প্রাণীজগত রয়েছে তেমনি উদ্ভিদজগত রয়েছে অরণ্যের গবেষণা করতে গিয়ে এই দুটো বিষয় কে নিয়ে জল নিয়ে গিয়েছেন এবং সেটা করতে গিয়ে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি তারা ব্যবহার করছেন শুধু যন্ত্রপাতি নয় বিভিন্ন ধরনের টেকনিক বা কৌশল অবলম্বন করছেন বিভিন্ন প্রজাতির উদ্ভিদ এর সংখ্যা পরস্পরের মধ্যে দূরত্ব এমনকি পাশের দিকে বিস্তার প্রভৃতি বিভিন্ন সম্পর্কে তারা তথ্য সংগ্রহ করছেন এবং সেই তথ্য সংগ্রহ করতে গিয়ে তারা বিভিন্ন ধরনের ইনভেন্টরি সাহায্য নিচ্ছেন।

আধুনিক ভূগোলের ফিল্ড সার্ভে বা ক্ষেত্র সমীক্ষার ক্ষেত্রে বিভিন্ন যন্ত্রপাতি এবং প্রযুক্তির সাহায্য নেয়া হচ্ছে। জিপিএস, জিআইএস, রিমোট সেন্সিং প্রভৃতি বিষয় গুলি ছাড়া জরীপ কার্য তথ্য সংগ্রহ এবং তার ব্যাখ্যা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

**TYPES OF FIELD INVENTORY;**

ফিল্ডিং মেন্টরিং বিষয়টি শুধুমাত্র ভূগোল নয়, উদ্ভিদবিদ্যা প্রাণিবিদ্যা সমাজতত্ত্ব এমনকি বর্তমানে ইঞ্জিনিয়ারিং বিভাগীয় বিশেষ গুরুত্ব পাচ্ছে। যেহেতু ভূগোলের এই সকল বিষয়ের সাথেই কিছু না কিছু যোগাযোগ রয়েছে তাই ভূগোলের মধ্যে ফিল্ড ইনভেন্টরি কিন্তু বৈচিত্র্যময়। জীবনের ক্ষেত্রে ফিল্ড ইনভেন্টরি উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা সাথে গভীর ভাবে সম্পর্কযুক্ত। এক্ষেত্রে ফিল্ড ইনভেন্টরি বলতে সাধারণভাবে কোন নির্দিষ্ট বসতি অঞ্চলে বসবাসকারী সকল প্রজাতির তালিকা তাদের অবস্থান বন্টন সমস্যা এবং প্রকৃতির ওপর তার প্রভাব এই সকল বিষয় নিয়ে আলোচনা করা হয়। যেহেতু প্রতিটি বসতি অঞ্চলের বসবাসকারী জীবের জীবনযাত্রা এবং প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনশীল তাই এই পরিবর্তিত পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে ফিল্ড ইনভেন্টরি প্রস্তুত করতে হয়।

মনে রাখতে হবে এক্ষেত্রে ফিল্ড ইনভেন্টরি দুই প্রকারের হতে পারে। প্রথমত কোন নির্দিষ্ট বসতি অঞ্চলে বসবাসকারী নির্দিষ্ট প্রজাতির উদ্ভিদ প্রাণীর উপর গড়ে ওঠা ফিল্ড ইনভেন্টরি, দ্বিতীয়তঃ বসতি অঞ্চলে বসবাসকারী সকল জীবের ওই সময়ে পরিস্থিতি এবং বন্টন এবং সেই সাথে সাথে পরিবেশের উপর প্রভাব এর পর্যালোচনা করা।

**AIMS OF FIELD INVENTORY ;**

এবার আমরা আলোচনা করব ফিল্ড ইনভেন্টরি লক্ষ্য সম্পর্কে। **প্রথমত** পরিবর্তিত পরিস্থিতি পর্যালোচনা করার প্রধান উদ্দেশ্যই হলো যে এই পরিবর্তন পরিবেশের ওপর এবং মানব সভ্যতার উপর কি প্রভাব ফেলছে। একজন ছাত্র বা গবেষক হিসেবে পরিবর্তিত পরিস্থিতিতে এড়িয়ে গিয়ে প্রথাগতভাবে তথ্য সংগ্রহ বা কাজ করা সঠিক কাজ হবেনা, কারণ এর ফলে প্রকৃত চিত্র তৈরি হবে না। উদাহরণ হিসেবে ভারতবর্ষের আধুনিক গ্রামীণ পরিস্থিতির কথা উল্লেখ করা যেতে পারে। আমরা দীর্ঘদিন ধরে পড়ে এসেছি যে ৪০ শতাংশের অধিক মানুষ কৃষি ভুক্ত এবং স্বল্প জনঘনত্ব যুক্ত বসতি এলাকায় গ্রামীণ অঞ্চল বলে। কিন্তু এই সংজ্ঞা বা পরিচয় নিয়ে আধুনিক ভারতবর্ষের গ্রামকে যদি বিশ্লেষণ করা হয় তাহলে তা প্রকৃত পরিস্থিতিকে নির্দেশ করতে পারবে না। এই অবস্থায় গ্রামীণ বাংলার তথা ভারতবর্ষের আর্থসামাজিক তথা অন্যান্য বিষয় সম্পর্কে আলোচনা করতে গেলে বা গবেষণা করতে গেলে ভিন্ন ভাবে করার প্রয়োজন রয়েছে। বর্তমানে গ্রামীণ ভারতে ধীরে ধীরে কৃষির বিকল্প হয়ে উঠছে শিল্প এবং পরিষেবা ক্ষেত্র। তথ্য প্রযুক্তির উন্নতির সাথে সাথে শহরের সংলগ্ন গ্রামীণ অঞ্চলে আধুনিক অর্থনীতির ব্যাপক সম্প্রসারণ হচ্ছে। সুতরাং বিল্ডিং তৈরির মাধ্যমে মানুষের কার্যাবলী সম্পর্কে পর্যালোচনা করা অবশ্যই প্রয়োজন রয়েছে।

ফিল্ড ইনভেন্টরি **দ্বিতীয়** লক্ষ্য সম্পর্কে বলতে গেলে বলা যেতে পারে যে কোন একটি স্থানের বসবাসকারী বিভিন্ন জীব তাদের মধ্যে যৌগিক ক্রিয়া প্রক্রিয়ার মাধ্যমে কিভাবে বসবাস করছে এবং সেই জীব গোষ্ঠীর পরিবেশ আপেক্ষিক গুরুত্ব কি সবকিছু আলোচনা করা জন্য ফিল্ডিং মারি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।


ফিল্ল ইনভেন্টরি ইতোমধ্যে মনুষ্যসমাজ বা যে কোন জীবের উপর বা কোন প্রাকৃতিক বিষয় যেমন উপকূল অঞ্চলে প্রভাব বিস্তারকারী বিষয়গুলো সম্পর্কে বিশেষভাবে পর্যালোচনা করা হয় সুতরাং এই নিয়ন্ত্রক গুলি কে নিয়ে আলোচনা করো ফিল্ডিং মারো অন্যতম বিষয়।

**ASPECT AND STAGES IN FIELD INVENTORY;**

ফিল্ড ইনভেন্টরি তিনটি দিক আছে প্রথমটি হলো ব্যাখ্যামূলক বা interpretation. দ্বিতীয়টি হলো পর্যালোচনা বা assessment, এবং তৃতীয়টি হলো সংরক্ষণ বা conservation

ফিল্ড ইনভেন্টরি প্রথম পর্যায় হলো **ইন্টারপ্রিটেশন** বা ব্যাখ্যা। যে জায়গার উপরে ইনভেন্টরি করার চেষ্টা চলছে তার বর্তমান পরিস্থিতিকে সুষ্ঠুভাবে ব্যাখ্যা করা একটি গুরুত্বপূর্ণ দিক। কারণ পরিবর্তিত পরিস্থিতি কিরকম হয়েছে তা যদি না জানা যায় তাহলে ফিল্ড ইনভেন্টরি প্রয়োজনীয়তাও বোঝা যাবে না।

যাই হোক পরিবর্তিত পরিস্থিতির ব্যাখ্যার পর আসবে তার **ASSESSMENT বা পর্যালোচনা**, যেখানে নির্দিষ্ট ইনভেন্টরি প্রয়োজনীয় তাকে তুলে ধরতে হয়,। অনেক সময় দেখা যায় প্রাকৃতিক এবং সাংস্কৃতিক কিছু পরিবর্তন খুবই সংক্ষিপ্ত এবং সামরিক হয়, যাদের সুদূরপ্রসারী প্রভাবথাকে না,।



ফিল্ড ইনভেন্টরি সর্বশেষ পর্যায় হলো **কনজারভেশন বা সংরক্ষণ**। পরিবর্তিত পরিস্থিতিতে যে ইনভেন্টরি করতে হচ্ছে তাতে অবশ্যই উল্লেখ করা দরকার যে পরিবর্তিত পরিস্থিতি কিভাবে মানুষের তথা সমগ্র জীবের ওপর কোন ক্ষতিকারক প্রভাব জানো না ফেলে সে সম্পর্কে সতর্কতাঃ প্রদান করা।

INVENTORY REPORT.

INVENTORY REPORT.

1. METHODS
2. GOALS
3. CONTEXT
4. LIMITATION
5. THREATS

এবার আলোচনা করব যে ইনভেন্টরি রিপোর্ট এর মধ্যে কি কি বিষয় গুলির অন্তর্ভুক্ত করা হয় **প্রথমত METHOD** যেখানে আমরা কিভাবে ইনভেন্টরি রিপোর্ট তৈরি করছি বা ইনভেন্টরি কিভাবে করেছি অর্থাৎ কৌশল সম্পর্কে আলোচনা করে থাকি, **দ্বিতীয়তঃ GOALS** এখানে আমরা আমাদের ফিল রিপোর্ট প্রস্তুত করার ক্ষেত্রে কি লক্ষ্য নিয়ে আমরা কাজ করেছি এবং তা করতে গিয়ে কেন ইনভেন্টরি সাহায্য নিতে হলো সেই বিষয় সম্পর্কে আলোচনা করি, **তৃতীয়ত CONTEXT** অর্থাৎ কোন বিষয় বা কোন পরিস্থিতিতে ইনভেন্টরি রিপোর্ট তৈরি করতে হয়েছে সেই সম্পর্কে ব্যাখ্যা করা হয়,

**চতুর্থত LIMITATION** অর্থাৎ ফিলিম আনাড়ি অনুসরণ করতে গিয়ে অনেক সময় কিছু বিষয় ত্রুটিপূর্ণ থাকে বলে বলা যেতে পারে যেমন যতটুকু জায়গা জুড়ে জরিপ করার কথা ছিল সবটুকু করা সব সময় যায়না সেই বিষয়টিকে উল্লেখ করার প্রয়োজন রয়েছে ,এছাড়া সময়পোযোগী তাও একটি বিষয়, সব সময় পর্যাপ্ত সময় পাওয়া যায় না বা যে সময়ে জরীপ কার্য করা হচ্ছে তা উপযুক্ত নাও হতে পারে যেমন ধরা যাক আকস্মিক প্রাকৃতিক দুর্যোগের সময় যদি জরীপ কার্য ইনভেন্টরি করতে হয় তাহলে তথ্য সংগ্রহের ক্ষেত্রে অসুবিধা হতে পারে, **THREATS** অবশেষে উল্লেখ করতে হবে যে নির্দিষ্ট বসতি অঞ্চলে বসবাসকারী শিবির তথা কোন মানবীয় কার্যকলাপের পরিবেশের ওপরে এবং তাদের ওপরে কি কি ধরনের সমস্যা তৈরি করছে বাবি পদ সৃষ্টি করছে সে সম্পর্কে আলোচনা করা।